

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

“পাড়া উৎসব” আয়োজন করার জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ০৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ। ২০ নভেম্বর ২০২৪
সময় : বেলা ১১:৩০ ঘটিকা।
স্থান : মিটিং রুম ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য সভাপতি সচিবকে অনুরোধ করেন।

বেগম রেহনুমা করিম, প্রতিষ্ঠাতা সভাপতি, Heros for All সভায় অবহিত করেন যে, বিগত বছরের ন্যায় আগামী ০৬ ডিসেম্বর ২০২৪ তারিখ বারিধারা Diplomatic Zone রোড নম্বর-০৩ এ Heros for All কর্তৃক একটি “পাড়া উৎসব” আয়োজন করা হবে। উক্ত উৎসব আয়োজনে তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরও জানান যে, বিগত বছরগুলোতে উক্ত পাড়া উৎসব আয়োজনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অন্যতম পার্টনার হিসেবে কাজ করেছেন। তিনি অনুষ্ঠান আয়োজনে এবছরও অন্যতম পার্টনার হওয়ার অনুরোধ করেন এবং ডিএনসিসির লোগো ব্যবহার করে উক্ত অনুষ্ঠানটিতে ডিএনসিসির একটি স্টল রাখার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি আরো বলেন উক্ত “পাড়া উৎসব” অনুষ্ঠানে একটি মেলায় আয়োজন করা হবে, যেখানে আমাদের দেশের বিলুপ্তপ্রায় ঐতিহ্যকে তুলে ধরা হবে। এতে করে উৎসব মুখর পরিবেশে নাগরিকদের মাঝে আনন্দ ফিরে আসবে।

জনাব মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভাকে জানান যে, “পাড়া উৎসব” অনুষ্ঠানটি বাস্তবায়নের জন্য বর্ণিত স্থানের পরিষ্কার পরিচ্ছন্নতা, পানি ও পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা, বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি বিষয়ে ডিএনসিসি Heros for All কর্তৃপক্ষকে সহযোগিতা করবে। তিনি আরও জানান যে, উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ ও মেলায় ডিএনসিসির একটি স্টল রাখার লক্ষ্যে ডিএনসিসির বিভাগীয় প্রধানগণকে নিয়ে আগামী সপ্তাহে একটি সভা করা হবে।

জনাব রেহনুমা করিম, সভাপতি, Heros for All সভায় অবহিত করেন যে, বর্ণিত উৎসব ও মেলায় প্রতিবছর বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ অংশগ্রহণ করে থাকেন। অনুষ্ঠানে রাষ্ট্রদূতসহ বিদেশী মিশনের কর্মকর্তাগণ অত্যন্ত আনন্দের সাথে সেখানে অংশগ্রহণ করেন। তিনি সভায় জানান যে, এবছরও মান্যবর রাষ্ট্রদূতগণকে উৎসব ও মেলায় আমন্ত্রণ জানানো হবে। মেলায় মান্যবর রাষ্ট্রদূতদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ডিএনসিসির মাধ্যমে পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশসহ সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে অবহিত করার অনুরোধ করেন। জনাব রেহনুমা করিম আরও জানান যে, প্রতিবছর ডিএনসিসির কর্মকর্তা-কর্মচারীগণ বিপুল উৎসাহ নিয়ে সপরিবারে মেলায়

২ ১

অংশগ্রহণ করেন। এবছরও তিনি সকলকে মেলায় অংশগ্রহণ করার অনুরোধ করেন। সভায় মেলা ও উৎসব আয়োজনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	অনুষ্ঠানের দিনের পূর্বের রাতে অনুষ্ঠানস্থলে রাতে কাজ করার জন্য এবং অনুষ্ঠানের দিনের জন্য ২টি মোবাইল লাইট ডিভাইজের সার্বিক বৈদ্যুতিক ব্যবহার এবং বৈদ্যুতিক লাইন ব্যবহারকরণের লক্ষ্যে ডেসকো বরাবর পত্র প্রদান করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি
০২.	বারিধারা ইউএন রোডের যে অংশে ভিআইপি প্রবেশ করবেন সেখানে, ৩ নম্বর রোডে এবং পাশের হাটার জায়গাসহ সংলগ্ন স্থানে সাদা রং দিয়ে মার্কিং করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি
০৩.	২টি ছোট পানির ট্যাংক সরবরাহ বা স্টলগুলোতে পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানিয়ে ঢাকা ওয়াসাকে পত্র প্রেরণ করতে হবে।	সচিব, ডিএনসিসি
০৪.	অগ্নিকান্ড প্রতিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ শিশু এবং প্রাপ্ত বয়স্করা যাতে আগুনের সুরক্ষা সম্পর্কে শিখতে পারে সে সংক্রান্ত একটি ড্রিল আয়োজনের অনুরোধ জানিয়ে ফায়ার সার্ভিস বরাবর পত্র প্রদান করতে হবে।	সচিব, ডিএনসিসি
০৫.	“পাড়া উৎসব” আয়োজন এর অনুষ্ঠানস্থলে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ, ট্রাফিক নিয়ন্ত্রন ও Diplomat দের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ-কে পত্র প্রদান করতে হবে।	সচিব, ডিএনসিসি
০৬.	মেলা অনুষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক ময়লা ফেলার পাত্র (Bin) সরবরাহ করতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০৭.	২টি রোডে ২টি মোবাইল টয়লেট স্থাপন ও পরিচ্ছন্নতা কাজের জন্য ক্রিনার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০৮.	মেলায় ডিএনসিসির একটি স্টল রাখার জন্য বিভাগীয় প্রধানগণকে নিয়ে আগামী সপ্তাহে একটি সভার আয়োজন করতে হবে।	সচিব, ডিএনসিসি
০৯.	পাড়া উৎসব আকর্ষণীয় ও চিত্রাকর্ষক করার লক্ষ্যে দেশীয় খেলাধুলা, পন্যসামগ্রী ও খাদ্যদ্রব্যের আয়োজন রাখতে হবে।	হিরোস ফর অল

২

এর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/১১/২০২৪

মীর খায়রুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা

ও

সভাপতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০২.২৪ ৬-৪৭

তারিখ: ২৬/১১/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০২. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৪. জনাব রেহনুমা করিম, প্রেসিডেন্ট এন্ড ফাউন্ডার, হিরোস ফর অল।
০৫. অফিস কপি।